

নিয়োগ কার্যক্রম সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রশাসন বিভাগ

১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

www.dgfood.gov.bd

পত্র নং-১৩.০১.০০০০.৩২.১১.৬৯৪.১৮- ৬৭১ (৬)

তারিখ : ১৭/০৯/২০১৮খ্রিঃ

বিষয় : খাদ্য অধিদপ্তরের ২৪ (চক্ৰিশ) ক্যাটাগরিতে ১১৬৬ টি শূন্য পদ পূরণের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত বিভাগীয় শহরের পরীক্ষা কেন্দ্র তথা স্কুল, কলেজ ও মাদ্রাসার কক্ষ ভিত্তিক আসন বিন্যাস তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের অধীন নন-গেজেটেড ২৪ (চক্ৰিশ) ক্যাটাগরিতে ১১৬৬টি শূন্য পদ পূরণের লক্ষ্যে জনবল নিয়োগের পরীক্ষা গ্রহণের জন্য বিভাগীয় শহরের সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার তথা পরীক্ষা কেন্দ্রের কক্ষ ভিত্তিক আসন বিন্যাসের তথ্য সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহ হতে প্রাপ্ত হয়েছে। যাতে বিশেষ করে ঢাকা ও চট্টগ্রাম বিভাগীয় শহরের তথ্য যথেষ্ট নয়। ফলে ঢাকা ও চট্টগ্রাম বিভাগীয় শহরে অবস্থিত সকল স্কুল, কলেজ ও মাদ্রাসা অন্তর্ভুক্ত করতে হবে।

এছাড়া ঢাকা জেলার সাভার, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলার সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। মোট কথা সর্বোচ্চ সংখ্যক আসন সন্নিবেশ করে পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ২৩/০৯/২০১৮ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে প্রতিষ্ঠান প্রধানের সীল ও স্বাক্ষরসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

“ছক”

খাদ্য অধিদপ্তরাধীন নিয়োগ পরীক্ষা-২০১৮

জেলার নাম (বিভাগীয়/জেলা শহর) :

পরীক্ষা কেন্দ্র তথা স্কুল, কলেজ ও মাদ্রাসার নামঃ

কক্ষ ভিত্তিক আসন বিন্যাস (প্রতি কক্ষে ৩০ জনের কম নহে)

ভবনের নাম	তলা	ক্রমিক নং	কক্ষ নং	পরীক্ষার্থীর সংখ্যা	বেঞ্চ সংখ্যা

প্রাপকঃ

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/নারায়ণগঞ্জ/গাজীপুর (সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে তথ্য প্রেরণ করতে হবে)।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তাকে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(এ. কে. এম ফজলুর রহমান)

পরিচালক (প্রশাসন)

ফোন-৯৫৮৬২১৩

e-mail: dadm@dgfood.gov.bd